গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**পরিবেশ অধিদপ্তর**
পরিবেশ ভবন, ই/১৬, আগারগাঁও
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.doe.gov.bd

২০/৯/১৪২৩ বঙ্গাব্দ

নং-২২.০২.০০০০.০০৭.১১.৪৮১.১৬- ০৬ তারিখ ঃ-----------------------
০৬/০২/২০১৭ খ্রিস্টাব্দ

**নিয়োগ বিজ্ঞপ্তি**

পরিবেশ অধিদপ্তরের অধীনে রাজস্বখাতে অস্থায়ী ভিত্তিতে নিম্নোক্ত শূন্য পদসমূহ পূরণের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে। পদের নাম, বয়সসীমা, যোগ্যতা, প্রাপ্য বেতন স্কেল ও অন্যান্য শর্তাবলী নিম্নরূপ ঃ-

| ক্রঃ নং | পদের নাম ও বেতন স্কেল (জাঃ বেঃ স্কেল-২০১৫) | পদ সংখ্যা | নিয়োগ যোগ্যতা ও অভিজ্ঞতা | কোটা | ০২/০২/২০১৭ তারিখে বয়স |
|---|---|---|---|---|---|
| ১। | সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর ১১০০০-২৬৫৯০/- গ্রেড-১৩ | ৪টি | উচ্চ মাধ্যমিক বা সমমানের শিক্ষাগত যোগ্যতা এবং বাংলা ও ইংরেজি টাইপিং-এ প্রতি মিনিটে বাংলায় সর্বনিম্ন-২৫ ও ইংরেজিতে সর্বনিম্ন-৩০ শব্দের গতি সম্পন্ন। | শুধুমাত্র মুক্তিযোদ্ধা কোটার প্রার্থীগণ আবেদন করতে পারবে। | অনূর্ধ্ব ৩০(ত্রিশ) বৎসর |
| ২। | গবেষণাগার সহকারী ৯৭০০-২৩৪৯০/- গ্রেড-১৫ | ০৭টি | বিজ্ঞান বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট ও উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় বা উহাদের সমমানের পরীক্ষায় দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ। | সকল জেলার/ কোটার প্রার্থীগণ আবেদন করতে পারবে। | |
| ৩। | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক ৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬ | ৬টি | উচ্চ মাধ্যমিক বা সমমানের শিক্ষাগত যোগ্যতা এবং বাংলা ও ইংরেজি টাইপিং-এ প্রতি মিনিটে বাংলায় সর্বনিম্ন -২০ ও ইংরেজিতে সর্বনিম্ন -২০ শব্দের গতি সম্পন্ন। | সকল জেলার/ কোটার প্রার্থীগণ আবেদন করতে পারবে। | |
| ৪। | ডাটা এন্ট্রি অপারেটর ৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬ | ১৩টি | উচ্চ মাধ্যমিক বা সমমানের শিক্ষাগত যোগ্যতা (বিজ্ঞান বিভাগ অগ্রাধিকার প্রাপ্ত) এবং তাহাকে অবশ্যই ডাটা এন্ট্রি অপারেটর পদের স্বাভাবিক যোগ্যতা পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে। | শুধুমাত্র মুক্তিযোদ্ধা কোটার প্রার্থীগণ আবেদন করতে পারবে। | |
| ৫। | ক্যাশিয়ার ৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬ | ৫টি | বাণিজ্য বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় পাস; তবে সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তি অগ্রাধিকার পাইবেন। | সকল জেলার/ কোটার প্রার্থীগণ আবেদন করতে পারবে। | |
| ৬। | গাড়ীচালক ৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬ | ৩টি | অষ্টম শ্রেণী পাসসহ হালকা ও ভারী মোটারযান চালানোর বৈধ লাইসেন্স। | সকল জেলার/ কোটার প্রার্থীগণ আবেদন করতে পারবে। | |

**নিয়োগ সংক্রান্ত শর্তাবলী ঃ**

১। প্রার্থীর বয়স ০২/০২/২০১৭ তারিখে ১৮-৩০ বৎসরের মধ্যে হতে হবে। কোনক্রমেই বয়সের এফিডেভিট গ্রহণযোগ্য নয়। মুক্তিযোদ্ধা ও মুক্তিযোদ্ধাদের সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা সরকারী বিধি মোতাবেক সর্বোচ্চ ৩২ বৎসর, মুক্তিযোদ্ধাদের নাতি-নাতনীদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩০ বৎসর এবং শারিরীক প্রতিবন্ধীদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩২ বৎসর পর্যন্ত।

২। আগ্রহী প্রার্থীগণকে আগামী ০২/০২/২০১৭ তারিখ ৫.০০ ঘটিকার মধ্যে মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, ই/১৬, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ বরাবর আবেদনপত্র দাখিল করতে হবে। নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত শেষ তারিখের পর প্রাপ্ত আবেদন কোন প্রকার যোগাযোগ ব্যতিরেকে সরাসরি বাতিল বলে গণ্য হবে। কেবলমাত্র ডাকযোগে প্রাপ্ত আবেদনপত্র গ্রহণ করা হবে।

৩। সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরতদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে।

৪। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৫। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় শিক্ষাগত যোগ্যতার সকল মূল সনদপত্র, জাতীয় পরিচয়পত্র, ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভা মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার প্রমাণক হিসেবে সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত মুল সনদ সাথে আনতে হবে। এছাড়া মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার সন্তানের ক্ষেত্রে উপযুক্ত প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর মেয়র/সিটি কর্পোরেশন ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রার্থীর সঙ্গে মুক্তিযোদ্ধার সম্পর্ক সংক্রান্ত মুল প্রত্যয়নপত্র এবং এতিম নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী, উপজাতি এবং আনসার ও গ্রাম প্রতিরক্ষা কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত মূল সনদপত্র উপস্থাপন করতে হবে।

৬। সংশ্লিষ্ট পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে। এই নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ আবেদনকারীর পরীক্ষা গ্রহণ করিতে/তাহাকে প্রার্থীত পদে নিয়োগ প্রদান করতে বাধ্য থাকবে না।
৭। প্রার্থীদেরকে নিয়োগের উদ্দেশ্যে আয়োজিত সকল পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে। পরীক্ষা গ্রহণের স্থান, তারিখ ও সময়সূচী যথাসময়ে প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদেরকে তাদের বর্তমান ঠিকানায় জানানো হবে এবং এ সংক্রান্ত সকল তথ্য পরিবেশ অধিদপ্তরের ওয়েবসাইটে যথাসময়ে প্রকাশ করা হবে।
৮। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি এ/ডি এ প্রদান করা হবে না।
৯। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
১০। এই নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক জারীকৃত কোটা সংক্রান্ত নির্দেশাবলী ও অন্যান্য নীতিমালা অনুসরণ করা হবে।

## আবেদনপত্র দাখিলের নিয়মাবলী

১। জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত চাকুরীর আবেদন ফরম সহস্তে পূরণপূর্বক স্বাক্ষরসহ আবেদনপত্র দাখিল করতে হবে। আবেদন ফরম পরিবেশ অধিদপ্তরের ওয়েবসাইট **www.doe.gov.bd** হইতে ডাউনলোড করা যাবে।
২। আবেদনপত্রের সংগে **১ম** শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত সম্প্রতি তোলা ৩(তিন) কপি পাসপোর্ট আকারের ছবি দাখিল করতে হবে।
৩। প্রার্থীদেরকে পরীক্ষার ফি বাবদ মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-এর অনুকূলে ১০০/- (একশত) টাকা বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংকে ট্রেজারী চালানের মাধ্যমে **১-৪৫৪১-০০০০-২০৩১** কোডে জমা দিয়ে চালানের মূলকপি দরখাস্তের সাথে দাখিল করতে হবে।
৪। আবেদনপত্রের সাথে যোগাযোগের ঠিকানা উল্লেখপূর্বক ১৪/-(চৌদ্দ) টাকা মূল্যমানের ডাকটিকেট যুক্ত ১০˝ x ৪˝ সাইজের (সম্ভাব্য) ফেরত খাম সংযুক্ত করতে হবে।
৫। আবেদনপত্রের খামের উপর স্পষ্টাক্ষরে পদের নাম, নিজ জেলা উল্লেখ করতে হবে এবং মুক্তিযোদ্ধা/উপজাতি বা অন্য কোনো কোটার প্রার্থীর ক্ষেত্রে খামের উপর সংশ্লিষ্ট কোটার নাম লিখতে হবে।

৬/১/১৭
(রাজিনারা বেগম)
উপ-পরিচালক (প্রশাসন)